

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭৪৫

আগরতলা, ৮ নভেম্বর, ২০২৪

**ভদ্রপল্লী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে টি ডি টিকাকরণ কর্মসূচি**

উনকোটি জেলার অন্তর্গত সমরুপাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত ভদ্রপল্লী আয়ুষ্মান আরোগ্য মন্দিরের অধীন ভদ্রপল্লী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে মুখ্যমন্ত্রী অঙ্গ হিসাবে গত ৬ নভেম্বর ২০২৪ বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে টি ডি টিকাকরণ করা হয়। এই অনুষ্ঠানে ভদ্রপল্লী আয়ুষ্মান আরোগ্য মন্দিরের এমপিডব্লিউ উত্তম দুহুরি ছাত্রছাত্রীদের টি ডি টিকাকরণ করেন। এদিন ১০ বছরের ১০ জন ছাত্রছাত্রী ও ১৬ বছরের ১৬ জন ছাত্রছাত্রীকে টি ডি টিকাকরণ করান। উক্ত টিকাকরণ কর্মসূচিতে টিকাকরণের পাশাপাশি স্বাস্থ্যকর্মীরা টি ডি টিকাকরণের গুরুত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। উক্ত অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাগণ ও উপস্থিত ছিলেন।

এদিকে উক্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত চন্ডীপুর আয়ুষ্মান আরোগ্য মন্দিরের অধীন আক্তাপাড়া নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযান ৭.০ এর অঙ্গ হিসাবে টি ডি টিকাকরণ করা হয়। এই টিকাকরণে স্বাস্থ্যকেন্দ্রের এমপিডব্লিউ বিজেন শর্মা ও এএনএম মধুমিতা দাস ছাত্রছাত্রীদের টি ডি টিকাকরণ করেন। এদিন ১০ বছরের ৩০ জন ছাত্রছাত্রীকে টি ডি টিকাকরণ করানো হয়। স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*